গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক শিক্ষা পদক নীতিমালা, ২০২২

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

সূচিপত্র

ক্রমিক	বিষয়বস্তু	পৃষ্ঠা
১.	শিরোনাম ও প্রবর্তন	৪
২.	লক্ষ্য	৪
৩.	উদ্দেশ্য	৪
৪.	পুরস্কারের নাম	৫
৫.	পুরস্কারের শ্রেণি	৫
৬.	প্রতিযোগিতার ক্ষেত্রসমূহ	৫
৭.	পুরস্কারের প্রকৃতি ও পরিধি	৬
৮.	পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয়	৭
৯.	প্রতিযোগিতা আয়োজনের সময়সূচী	৮
১০.	প্রাথমিক শিক্ষা পদক বিতরণ	৮
১১.	প্রাথমিক শিক্ষা পদকের জন্য বাছাই প্রতিযোগিতায় অংশগ্রহণে প্রতিযোগী মনোনয়ন	৮
১২.	প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রক্রিয়া	৯
১৩.	বাছাই কমিটি :	১০
	ক. বিদ্যালয় পর্যায়ে বাছাই কমিটি ও কার্যপরিধি	১০
	খ. ইউনিয়ন পর্যায়ে বাছাই কমিটি ও কার্যপরিধি	১১
	গ. উপজেলা বাছাই কমিটি ও কার্যপরিধি	১১
	ঘ. সিটি কর্পোরেশনের আওতাধীন থানা বাছাই কমিটি ও কার্যপরিধি	১২
	ঙ. জেলা বাছাই কমিটি ও কার্যপরিধি	১৩
	চ. খাগড়াছড়ি, রাঙ্গামাটি এবং বান্দরবান পার্বত্য জেলাসমূহের ক্ষেত্রে জেলা বাছাই কমিটি ও কার্যপরিধি	১৪
	ছ. বিভাগীয় বাছাই কমিটি ও কার্যপরিধি	১৫
	জ. জাতীয় পর্যায়: প্রাথমিক শিক্ষা পদক কমিটি ও কার্যপরিধি	১৬
১৪.	প্রতিযোগী বাছাই নিয়মাবলী (শিক্ষার্থী)	১৭
১৫.	অন্যান্য নিয়মাবলী	১৮
১৬.	প্রযোজ্য ছকসমূহ : প্রাথমিক আবেদন ফরম (ছক-১)	২১
১৭.	নমুনা ছক	২২
১৮.	ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা ('ক' বিভাগ-বালক) বিদ্যালয়/ইউনিয়ন/উপজেলা/থানা পর্যায় (ছক-৩)	২৫
১৯.	ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা ('ক' বিভাগ- বালিকা) বিদ্যালয়/ইউনিয়ন/উপজেলা/থানা পর্যায় (ছক-৪)	২৬
২০.	সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা ('ক' বিভাগ- বালক) বিদ্যালয়/ইউনিয়ন/উপজেলা/থানা পর্যায় (ছক-৫)	২৭
২১.	সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা ('ক' বিভাগ- বালিকা) বিদ্যালয়/ইউনিয়ন/উপজেলা/থানা পর্যায় (ছক-৬)	২৮
২২.	ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী শিক্ষার্থীদের তালিকা ('খ' বিভাগ -বালক) বিদ্যালয়/ইউনিয়ন/উপজেলা/থানা/জেলা/সিটি কর্পোরেশন/বিভাগ পর্যায় (ছক-৭)	২৯

ক্রমিক	বিষয়বস্তু	পৃষ্ঠা
২৩.	ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী শিক্ষার্থীদের তালিকা ('খ' বিভাগ -বালিকা) বিদ্যালয়/ইউনিয়ন/উপজেলা/থানা/জেলা/সিটি কর্পোরেশন/বিভাগ পর্যায় (ছক-৮)	৩০
২৩	সাংস্কৃতিক প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী শিক্ষার্থীদের তালিকা ('খ' বিভাগ-বালক) বিদ্যালয়/ইউনিয়ন/উপজেলা/থানা/জেলা/সিটি কর্পোরেশন/বিভাগ পর্যায় (ছক-৯)	৩১
২৪	সাংস্কৃতিক প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী শিক্ষার্থীদের তালিকা ('খ' বিভাগ-বালিকা) বিদ্যালয়/ইউনিয়ন/উপজেলা/থানা/জেলা/সিটি কর্পোরেশন/বিভাগ পর্যায় (ছক-১০)	৩২
২৫	বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী শিক্ষার্থীদের তালিকা ('খ' বিভাগ-বালক) বিদ্যালয়/ইউনিয়ন/উপজেলা/থানা/জেলা/সিটি কর্পোরেশন/বিভাগ পর্যায় (ছক-১১)	৩৩
২৬	বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী শিক্ষার্থীদের তালিকা ('খ' বিভাগ-বালিকা) বিদ্যালয়/ইউনিয়ন/উপজেলা/থানা/জেলা/সিটি কর্পোরেশন/বিভাগ পর্যায় (ছক-১২)	৩৪
২৭	ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা ('খ' বিভাগ-বালক) জাতীয় পর্যায় (ছক-১৩)	৩৫
২৮	ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা, ('খ' বিভাগ-বালিকা) জাতীয় পর্যায় (ছক-১৪)	৩৬
২৯	সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা, ('খ' বিভাগ- বালক), জাতীয় পর্যায় (ছক-১৫)	৩৭
৩০	সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা ('খ' বিভাগ- বালিকা), জাতীয় পর্যায় (ছক-১৬)	৩৮
৩১	বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা ('খ' বিভাগ- বালক), জাতীয় পর্যায় (ছক-১৭)	৩৯
৩২	বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা ('খ' বিভাগ- বালিকা), জাতীয় পর্যায় (ছক-১৮)	৪০
৩৩	শ্রেষ্ঠ শিক্ষক/শিক্ষিকা, বিদ্যালয়, ব্যক্তি, প্রতিষ্ঠান, কর্মকর্তা ও কর্মচারীগণের (ছক-১৯)	৪১
৩৪	শ্রেষ্ঠ কাব শিশু মূল্যায়ন ছক (ছাত্র/ছাত্রী) (ছক-২০)	৪২
৩৫	শ্রেষ্ঠ সহকারী শিক্ষক/সহকারী শিক্ষিকা মূল্যায়ন ছক (ছক-২১)	৪৪
৩৬	শ্রেষ্ঠ প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা মূল্যায়ন ছক (ছক-২২)	৪৬
৩৭	শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয় বাছাই ছক (ছক-২৩)	৪৯
৩৮	শ্রেষ্ঠ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি) মূল্যায়ন ছক (ছক-২৪)	৫২
৩৯	শ্রেষ্ঠ কাব শিক্ষক মূল্যায়ন ছক (ছক-২৫)	৫৪
৪০	শ্রেষ্ঠ কর্মচারী মূল্যায়ন ছক (ছক-২৬)	৫৬
৪১	শ্রেষ্ঠ সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার মূল্যায়ন ছক (ছক-২৮)	৫৭
৪২	শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার মূল্যায়ন ছক (ছক-২৯)	৫৯
৪৩	শ্রেষ্ঠ উপজেলা/থানা শিক্ষা অফিসার মূল্যায়ন ছক (ছক-৩০)	৬১
৪৪	শ্রেষ্ঠ পিটিআই মূল্যায়ন ছক (ছক-৩১)	৬৩
৪৫	শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (পিটিআই) মূল্যায়ন ছক (ছক-৩২)	৬৫
৪৬	শ্রেষ্ঠ সুপারিনটেনডেন্ট মূল্যায়ন ছক (ছক-৩৩)	৬৮
৪৭	শ্রেষ্ঠ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মূল্যায়ন ছক (ছক-৩৪)	৭০
৪৮	শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার মূল্যায়ন ছক (ছক-৩৫)	৭২
৪৯	শ্রেষ্ঠ জেলা প্রশাসক মূল্যায়ন ছক (ছক-৩৬)	৭৪
৫০	শ্রেষ্ঠ উপজেলা পরিষদ চেয়ারম্যান মূল্যায়ন ছক (ছক-৩৭)	৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mopme.gov.bd

নং- ৩৮. ০০৭.০২৩.০০২.০০.০৫.২০১২-৪০১

তারিখ : ১২ পৌষ ১৪২৯ / ২৮ডিসেম্বর ২০২২

বিষয় : প্রাথমিক শিক্ষা পদক নীতিমালা, ২০২২।

১। শিরোনাম ও প্রবর্তন :

একটি দেশকে আত্মমর্যাদাশীল ও স্বনির্ভর করে গড়ে তুলতে শিক্ষিত, যোগ্য ও দক্ষ মানবসম্পদ অপরিহার্য। মানসম্মত প্রাথমিক শিক্ষা দক্ষ মানবসম্পদ তৈরির অন্যতম পূর্বশর্ত। বিষয়টিতে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে বাংলাদেশ সংবিধানের ১৭ নং অনুচ্ছেদে দেশের সকল শিশুর শিক্ষা নিশ্চিতকরণের দায়িত্ব রাষ্ট্রের উপর ন্যস্ত করা হয়। রাষ্ট্রযন্ত্রের অংশ হিসাবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সকল শিশুর জন্য মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের দায়িত্ব পালন করে আসছে। কাঙ্খিত লক্ষ্য অনুযায়ী বাংলাদেশ উন্নয়নের কাঙ্ক্ষিত পথে এগিয়ে যাচ্ছে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত সমৃদ্ধ রাষ্ট্র হিসাবে প্রতিষ্ঠিত করতে গৃহীত হয়েছে 'রুপকল্প ২০৪১ (Vision 2041)'। 'রুপকল্প ২০৪১' বাস্তবায়নে যোগ্য ও দক্ষ মানবসম্পদ তৈরিতে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের বিকল্প নেই।

প্রাথমিক শিক্ষার পরিমানগত উন্নয়ন আশাব্যঞ্জক প্রতীয়মান হলেও গুণগত মান উন্নয়ন অন্যতম চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। সরকার মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে দৃঢ় প্রতিজ্ঞ। বিদ্যালয়সমূহ আধুনিক ও শিশুবান্ধব করে গড়ে তোলা, সকল শিশুর বিদ্যালয়ে ভর্তি নিশ্চিতকরণ, ঝরে পড়ার হার সহনীয় পর্যায়ে নামিয়ে আনা এবং শিক্ষার্থীদের যোগ্যতাভিত্তিক শিখন-শেখানো কার্যক্রম নিশ্চিতকরণে প্রয়োজন সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহণ। শিশুদের সুপ্ত প্রতিভা বিকাশ, শিক্ষক,কর্মকর্তা-কর্মচারি এবং প্রাথমিক শিক্ষার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের প্রাথমিক শিক্ষার উন্নয়নে সৃজনশীল কাজে উৎসাহ ও অনুপ্রেরণা প্রদান এবং তাদের অবদানের স্বীকৃতি প্রদানে প্রতিযোগিতার মাধ্যমে পুরস্কৃত করে উজ্জীবিত করার লক্ষ্যকে সামনে নিয়েই প্রাথমিক শিক্ষা পদক প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে বিগত ১৯৮৫ সাল হতে প্রাথমিক শিক্ষা পদক বিতরণ কার্যক্রম সফলভাবে পরিচালিত হয়ে আসছে।

২। লক্ষ্য :

শিশুদের শারীরিক ও মানসিক বিকাশ সাধনের মাধ্যমে আত্মনির্ভরশীল করে গড়ে তোলা এবং সৃজনশীল কার্যক্রমের মাধ্যমে সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে অংশীজনকে অনুপ্রাণিত করা।

৩। উদ্দেশ্য :

ক. শিশুর সুপ্ত প্রতিভা বিকাশে পৃষ্ঠপোষকতা প্রদান এবং সৃজনশীল কাজের স্বীকৃতি প্রদান ;

খ. শিক্ষার্থীবান্ধব শিখন পরিবেশ উন্নয়ন, আইসিটি নির্ভর পাঠদান কার্যক্রম পরিচালনা এবং শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে যোগ্যতাভিত্তিক শিখন নিশ্চিতকরণে শিক্ষকগণকে অনুপ্রেরণা ও স্বীকৃতি প্রদান ;

গ. মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে কর্মকর্তাগণের মধ্যে কার্যকর একাডেমিক নেতৃত্ব এবং সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণে অনুপ্রেরণা ও স্বীকৃতি প্রদান ;

ঘ. প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট দাপ্তরিক সেবা নিশ্চিতকরণে কর্মচারিগণকে অনুপ্রেরণা ও স্বীকৃতি প্রদান ;

ঙ. শিশুদের সুনাগরিক হিসেবে গড়ে তুলতে কাবিং কার্যক্রম উন্নয়ন ও সম্প্রসারণে শিক্ষক-শিক্ষার্থীদের অনুপ্রেরণা এবং স্বীকৃতি প্রদান ;

চ. বিদ্যালয়ের ভৌত অবকাঠামো এবং শিখন পরিবেশ উন্নয়ন এবং মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে জনপ্রতিনিধি এবং

প্রাথমিক শিক্ষা বিভাগ বহির্ভূত মাঠ প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুপ্রেরণা ও স্বীকৃতি প্রদান।

৪। পুরস্কারের নাম :

পুরস্কারের নাম হবে **'প্রাথমিক শিক্ষা পদক (Primary Education Award)'.**

৫। পুরস্কারের শ্রেণি :

ক. শিক্ষার্থী কেন্দ্রিক : ১। ক্রীড়া

২। সাংস্কৃতিক এবং

৩। বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতা।

খ. ব্যক্তিগত : একক উদ্যোগে অর্জিত সফলতা ;

গ. প্রাতিষ্ঠানিক : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন পিটিআই, সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির উল্লেখযোগ্য অর্জন।

৬। প্রতিযোগিতার ক্ষেত্রসমূহ (শিক্ষার্থী) :

৬.১ : 'ক' বিভাগ (১ম ও ২য় শ্রেণি) :

ক্রীড়া : ১। ৫০ মিটার দৌড়; ২। দীর্ঘ লাফ; ৩। ৩০ মিটার বিস্কুট দৌড় এবং ৪। টেনিস বল নিক্ষেপ

সাংস্কৃতিক : ১। ছড়া; ২। চিত্রাংকন; ৩। গান; ৪। নৃত্য এবং ৫। সুন্দর হাতের লেখা।

৬.২ : 'খ' বিভাগ (৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত) :

ক্রীড়া :

১। ১০০ মিটার দৌড়; ২। দীর্ঘ লাফ; ৩। উচ্চ লাফ; ৪। ক্রিকেট বল নিক্ষেপ; ৫। ভারসাম্য দৌড় এবং ৬। অংক দৌড়।

সাংস্কৃতিক :

১। কবিতা আবৃত্তি (বাংলা); ২। চিত্রাংকন; ৩। নৃত্য; ৪। গল্প বলা; ৫। গান (পল্লীগীতি/লোকগীতি/ অন্যান্য); ৬। উপস্থিত বক্তৃতা এবং ৭। একক অভিনয়।

বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতা :

১। বাংলা; ২। ইংরেজি; ৩। গণিত এবং ৪। সাধারণ জ্ঞান (দৈনন্দিন বিজ্ঞান, ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষা, আইসিটি এবং চলমান ঘটনাবলী)।

৬.৩ : **কাবিং**
(শুধুমাত্র 'খ' বিভাগ)

৬.৪ : **ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে প্রতিযোগিতা :**

(১) শ্রেষ্ঠ সহকারী শিক্ষক ;

(২) শ্রেষ্ঠ সহকারী শিক্ষিকা ;

(৩) শ্রেষ্ঠ প্রধান শিক্ষক ;

(৪) শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা;

(৫) শ্রেষ্ঠ কাব শিক্ষক;

(৬) শ্রেষ্ঠ কর্মচারী;

(৭) শ্রেষ্ঠ সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার;

(৮) শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার);

(৯) শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (পিটিআই);

(১০) শ্রেষ্ঠ উপজেলা/থানা শিক্ষা অফিসার;

(১১) শ্রেষ্ঠ সুপারিনটেনডেন্ট (পিটিআই);

(১২) শ্রেষ্ঠ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার;

(১৩) শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার;

(১৪) শ্রেষ্ঠ উপজেলা পরিষদ চেয়ারম্যান;

(১৫) শ্রেষ্ঠ জেলা প্রশাসক;

(১৬) শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয়;

(১৭) শ্রেষ্ঠ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি) এবং

(১৮) শ্রেষ্ঠ পিটিআই।

ক্রমিক নং ১-১৫ পর্যন্ত প্রতি ক্যাটাগরীতে একজন ব্যক্তি এবং ক্রমিক নং ১৬-১৮ পর্যন্ত প্রতিষ্ঠান/কমিটি নির্দিষ্ট বছরের জন্য শ্রেষ্ঠ হিসাবে নির্বাচিত হবে।

৭। পুরস্কারের প্রকৃতি ও পরিধি :

৭.১. প্রকৃতি :

ক. উপজেলা পর্যায় : ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী শিশুদের ক্ষেত্রে- ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী শিক্ষার্থীদের প্রদেয় আর্থিক বরাদ্দ অনুযায়ী পুরস্কার এবং সনদপত্র। নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের ক্ষেত্রে- সনদপত্র (স্থানীয়ভাবে সংগৃহীত)।

খ. জেলা পর্যায় : ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী শিশুদের ক্ষেত্রে- ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী শিক্ষার্থীদের জন্য প্রদেয় আর্থিক বরাদ্দ অনুযায়ী পুরস্কার এবং সনদপত্র। নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের ক্ষেত্রে- সনদপত্র (স্থানীয়ভাবে সংগৃহীত)।

গ. বিভাগ পর্যায় : ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী শিশুদের জন্য প্রদেয় আর্থিক বরাদ্দ অনুযায়ী পুরস্কারএবং সনদপত্র। ব্যক্তি ক্ষেত্রে- মেডেল ও সনদপত্র এবং প্রতিষ্ঠান ক্ষেত্রে- ক্রেস্ট ও সনদপত্র (স্থানীয়ভাবে সংগৃহীত)।

ঘ. জাতীয় পর্যায় :

(১) শিক্ষার্থী (ক্রীড়া, সাংস্কৃতিক এবং বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতায়) :

১ম স্থান : ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা, স্বর্ণপদক (২.৫ - ২.৭৫ ইঞ্চি ব্যাসের ব্রোঞ্জ মেটালে গোল্ড প্লেটিং) এবং সনদপত্র

২য় স্থান : ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা, রৌপ্যপদক (২.৫ - ২.৭৫ ইঞ্চি ব্যাসের ব্রোঞ্জ মেটালে সিলভার প্লেটিং) এবং সনদপত্র

৩য় স্থান : ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা, ব্রোঞ্জপদক (২.৫ - ২.৭৫ ইঞ্চি ব্যাসের ব্রোঞ্জ মেটাল) এবং সনদপত্র

(২) ব্যক্তি (সকল ক্যাটাগরীতে) :

শ্রেষ্ঠ : ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা, স্বর্ণপদক (২.৫ - ২.৭৫ ইঞ্চি ব্যাসের ব্রোঞ্জ মেটালে গোল্ড প্লেটিং) এবং সনদপত্র।

(৩) প্রতিষ্ঠান (সকল ক্যাটাগরীতে) :

শ্রেষ্ঠ : ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা, ক্রেস্ট (প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ডিজাইন) এবং সনদপত্রপত্র।

সময় সময় প্রয়োজনীয়তার নিরিখে সরকার নির্বাহী আদেশের মাধ্যমে পুরস্কারের অর্থের পরিমান পুনঃনির্ধারণ করতে পারবে।

৭.২. প্রতিযোগিতার পরিধি :

ক. শিক্ষার্থী : সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ে ভর্তিকৃত শিক্ষার্থীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

খ. ব্যক্তি : সহকারী শিক্ষক, সহকারী শিক্ষিকা, প্রধান শিক্ষক, প্রধান শিক্ষিকা, কাব শিক্ষকগণ স্ব স্ব সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ নিজ নিজ দপ্তর/প্রতিষ্ঠান/কর্মস্থল হতে অংশগ্রহণ করতে হবে।

গ. প্রতিষ্ঠান/কমিটি : প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। অনিবার্য কারণবশত প্রতিষ্ঠান প্রধান অপারগ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উপযুক্ত একজন প্রতিনিধি, কমিটির ক্ষেত্রে সহ-সভাপতি/উপযুক্ত একজন সদস্যকে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ক্ষমতা প্রদান করতে পারবেন।

৮। পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয় :

পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয় নির্বাহের জন্য প্রতি অর্থ বছরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বাজেটে প্রয়োজন অনুযায়ী অর্থ বরাদ্দ নির্ধারিত থাকবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে খাতভিত্তিক বরাদ্দ বিভাজন অনুমোদন এবং অর্থ বিভাগ হতে অগ্রিম উত্তোলনের অনুমতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। প্রতিযোগিতা আয়োজনের সময়সূচি :

ক. শিক্ষার্থীদের জন্য ক্রীড়া, সাংস্কৃতিক এবং বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতার সময়সূচি :

১. ইউনিয়ন পর্যায় : ০৫ ফেব্রুয়ারী হতে ০৯ ফেব্রুয়ারী;

২. উপজেলা পর্যায় : ১৩ ফেব্রুয়ারী হতে ১৬ ফেব্রুয়ারী;

৩. জেলা পর্যায় : ২২ ফেব্রুয়ারী হতে ২৬ ফেব্রুয়ারী;

৪. বিভাগ পর্যায় : ০২ মার্চ হতে ০৬ মার্চ এবং

৫. জাতীয় পর্যায় : ০৫ এপ্রিল হতে ১৫ এপ্রিল পর্যন্ত।

খ. প্রাথমিক শিক্ষা পদকের জন্য ব্যক্তি, প্রতিষ্ঠান ও কমিটি নির্বাচনে বাছাই প্রতিযোগিতার সময়সূচি :

১. উপজেলা পর্যায় : ০২ সেপ্টেম্বর হতে ০৬ সেপ্টেম্বর;

৩. জেলা পর্যায় : ১২ সেপ্টেম্বর হতে ১৬ সেপ্টেম্বর;

৪. বিভাগ পর্যায় : ২৫ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর এবং

৫. জাতীয় পর্যায় : ১০ অক্টোবর হতে ২৫ অক্টোবর পর্যন্ত।

অনিবার্য কারণবশত যে কোন পর্যায়ের প্রতিযোগিতার সময়সূচি পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিলে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর যৌক্তিক বিবেচনায় সূচি পরিবর্তন করে সংশ্লিষ্টগণকে অবহিত করবেন।

১০. প্রাথমিক শিক্ষা পদক বিতরণ :

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন এবং উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থী, ব্যক্তি এবং প্রতিষ্ঠানের মধ্যে প্রাথমিক শিক্ষা পদক বিতরণ করা হবে।

১১। প্রাথমিক শিক্ষা পদকের জন্য বাছাই প্রতিযোগিতায় অংশগ্রহণে প্রতিযোগী মনোনয়ন:

ক. সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের ১ম থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থী;

খ. সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের সহকারী শিক্ষক, সহকারী শিক্ষিকা, প্রধান শিক্ষক এবং প্রধান শিক্ষিকাবৃন্দ;

গ. উপজেলা/থানা রিসোর্স সেন্টার হতে ইন্সট্রাক্টর ও ডাটা এন্ট্রি অপারেটর। উপজেলা/থানা শিক্ষা অফিস হতে উপজেলা/থানা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, উচ্চমান সহকারী-কাম-হিসাবরক্ষক, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং হিসাব সহকারী। পিটিআই হতে সুপারিনটেনডেন্ট, ইন্সট্রাক্টর, উচ্চমান সহকারী-কাম-হিসাবরক্ষক, কম্পিউটার অপারেটর এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক। জেলা প্রাথমিক শিক্ষা অফিস হতে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উচ্চমান সহকারী, ক্যাশিয়ার, কম্পিউটার অপারেটর, স্টোর কিপার এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক। বিভাগীয় কার্যালয় হতে স্টেনোগ্রাফার-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উচ্চমান সহকারী, ক্যাশিয়ার, কম্পিউটার অপারেটর এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক;

ঘ. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং জেলা প্রশাসক ;

ঙ. প্রতিষ্ঠান ও কমিটি : ১। সরকারি প্রাথমিক বিদ্যালয়, ২। সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি(এসএমসি) এবং ৩। প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)।

১২। প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রক্রিয়া :

ক. শিক্ষার্থী :

বিদ্যালয় পর্যায়ে বাছাই পূর্বক জন্ম নিবন্ধন সনদপত্র এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং নির্ধারিত ছকে তালিকা প্রেরণ পূর্বক ইউনিয়ন পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। 'ক' গ্রুপের শিক্ষার্থীরা উপজেলা/থানা পর্যায় পর্যন্ত এবং 'খ' গ্রুপের শিক্ষার্থীরা ১ম স্থান অধিকারের ভিত্তিতে পর্যায়ক্রমে জাতীয় পর্যায় পর্যন্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

খ. ব্যক্তি :

নির্ধারিত আবেদন ফরম এবং স্ব স্ব ক্যাটাগরীর মূল্যায়ন ফরম (ছক-২ অনুযায়ী নিজ নিজ ক্যাটাগরীর জন্য মূল্যায়ন ফরম তৈরী করে নিতে হবে) পূরণ করে সহকারী শিক্ষক, সহকারী শিক্ষিকা, কাব শিক্ষক, প্রধান শিক্ষক এবং প্রধান শিক্ষিকাগণ নিজ নিজ বিদ্যালয় হতে সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের মাধ্যমে উপজেলা/থানা শিক্ষা অফিসার (সদস্য সচিব) বরাবর প্রেরণ করবেন। কোন বিদ্যালয় হতে একই ক্যাটাগরীতে একাধিক আগ্রহী প্রার্থী থাকলে বিদ্যালয় পর্যায়ের বাছাই কমিটি একক প্রার্থী চূড়ান্ত করবে।

ইউআরসি/টিআরসি, উপজেলা/থানা শিক্ষা অফিস, পিটিআই, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বিভাগীয় অফিসের কর্মচারীবৃন্দ এবং সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ নির্ধারিত আবেদন ফরম এবং নিজ নিজ ক্যাটাগরীর মূল্যায়ন ফরম পূরণ কওে দপ্তর প্রধানের মাধ্যমে সংশ্লিষ্ট থানা/উপজেলা বাছাই কমিটির সদস্য সচিব (উপজেলা/থানা শিক্ষা অফিসার) বরাবর দাখিল করবেন।

ইন্সট্রাক্টর(থানা/উপজেলা রিসোর্স সেন্টার), উপজেলা/থানা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ চেয়ারম্যানগণ নির্ধারিত আবেদন ফরম এবং স্ব স্ব ক্যাটাগরীর মূল্যায়ন ফরম পূরণ করে সংশ্লিষ্ট উপজেলা/থানা বাছাই কমিটির মাধ্যমে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (জেলা বাছাই কমিটির সদস্য সচিব) বরাবর প্রেরণ করবেন।

ইন্সট্রাক্টর (পিটিআই) নির্ধারিত ক্যাটাগরীর আবেদন ফরম এবং মূল্যায়ন ফরম পূরণ করে সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্টের মাধ্যমে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করবেন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুপারিনটেনডেন্ট এবং জেলা প্রশাসক ক্যাটাগরীতে অংশগ্রহণের জন্য কর্মকর্তাগণ স্ব স্ব ক্যাটাগরীর আবেদেন ফরম এবং মূল্যায়ন ফরম পূরণ করে সংশ্লিষ্ট জেলা বাছাই কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় উপপরিচালক (বিভাগীয় বাছাই কমিটির সদস্য সচিব) বরাবর প্রেরণ করবেন।

গ. প্রতিষ্ঠান/কমিটি :

শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয় (প্রধান শিক্ষক) এবং শ্রেষ্ঠ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ক্যাটাগরীতে অংশগ্রহণের জন্য নির্ধারিত আবেদন ফরম (কমিটির সভাপতি/উপযুক্ত প্রতিনিধি কর্তৃক) এবং স্ব স্ব ক্যাটাগরীর মূল্যায়ন ফরম পূরণ করে সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের মাধ্যমে উপজেলা/থানা শিক্ষা অফিসার (উপজেলা/থানা বাছাই কমিটির সদস্য সচিব) বরাবর প্রেরণ করবেন।

শ্রেষ্ঠ পিটিআই ক্যাটাগরীতে অংশগ্রহণের জন্য (সুপারিনটেনডেন্ট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) নির্ধারিত ক্যাটাগরীর আবেদন ফরম এবং মূল্যায়ন ফরম পূরণ করে সংশ্লিষ্ট জেলা বাছাই কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় উপপরিচালক বরাবর প্রেরণ করবেন।

১৩। বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটি :

প্রাথমিক শিক্ষা পদকেরর জন্য শিক্ষার্থী, ব্যক্তি ও প্রতিষ্ঠান বাছাইয়ে গঠিত কমিটিসনমূহ :

ক. বিদ্যালয় পর্যায়	:	বিদ্যালয় পর্যায়ে প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি;
খ. ইউনিয়ন পর্যায়	:	ইউনিয়ন প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি;
গ. উপজেলা পর্যায়	:	উপজেলা প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি;
ঘ. থানা পর্যায়	:	সিটি কর্পোরেশনের আওতাধীন থানা প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি;
ঙ. জেলা পর্যায়	:	জেলা প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি;
চ. বিভাগ পর্যায়	:	বিভাগীয় প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি এবং
ছ. জাতীয় পর্যায়	:	কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষা পদক কমিটি।

ক. বিদ্যালয় পর্যায়ে প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি:

১.	বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি)'র সভাপতি	সভাপতি
২.	বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি)'র সহ সভাপতি	সদস্য
৩.	শিক্ষক অভিভাবক সমিতি (পিটিএ)'র সভাপতি	সদস্য
৪.	মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ক্যাটাগরীতে মনোনিত এসএমসি সদস্য	সদস্য
৫.	সহকারী শিক্ষক (শিক্ষক প্রতিনিধি সদস্য)	সদস্য
৬.	সহাকারী শিক্ষক-০২ (দুই) জন [মহিলা-১ (এক), পুরুষ-১ (এক) জন], প্রধান শিক্ষক কর্তৃক মনোনিত]	সদস্য
৭.	বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য-০২ (দুই) জন [মহিলা-১ (এক), পুরুষ-১ (এক) জন], সভাপতি কর্তৃক মনোনিত	সদস্য
৮.	প্রধান শিক্ষক	সদস্য সচিব

কার্যপরিধি :

(১) নীতিমালায় বর্ণিত নির্ধারিত সময়সূচি অনুসরণ করে ইউনিয়ন পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিদ্যালয় পর্যায়ে 'ক' ও 'খ' বিভাগের শিক্ষার্থীদের ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন;

(২) ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা শেষে ১ম স্থান অধিকারীদের তালিকা নির্ধারিত ছকে ইউনিয়ন কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ;

(৩) বিদ্যালয় হতে একাধিক সহকারী শিক্ষক (শ্রেষ্ঠ সহকারী শিক্ষক/কাব শিক্ষক) প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী হলে উপজেলা পর্যায়ের প্রতিযোগিতার জন্য একজন-কে নির্বাচন এবং

(৪) কমিটি প্রয়োজনে এক বা একাধিক ব্যক্তিকে (এসএমসি সদস্য অথবা সদস্য বহির্ভূত) প্রতিযোগিতা আয়োজনে এবং বিচারক হিসেবে নিয়োজিত করতে পারবে।

খ. ইউনিয়ন প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি :

১.	চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ)	উপদেষ্টা
২.	সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট ক্লাস্টার)	সভাপতি
৩.	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য-০২ (দুই) জন (একজন পুরুষ, একজন মহিলা) চেয়ারম্যান কর্তৃক মনোনিত	সদস্য
৪.	সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি-২ (দুই) জন (যে বিদ্যালয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিদ্যালয়ের সভাপতি এবং অপরজন ইউপি চেয়ারম্যান কর্তৃক মনোনিত)	সদস্য
৫.	সংশ্লিষ্ট ইউনিয়নের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
৬.	সংশ্লিষ্ট ইউনিয়নের ৪ জন (দুই জন পুরুষ, দুই জন মহিলা) সহকারী শিক্ষক (উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনিত)	সদস্য
৭.	যে বিদ্যালয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য সচিব

কার্যপরিধি :

(১) নীতিমালায় বর্ণিত নির্ধারিত সময়সূচি অনুসরণ করে ইউনিয়ন পর্যায়ে প্রতিযোগিতার তারিখ ও স্থান নির্ধারণ, বিচারক প্যানেল তৈরী এবং নিয়োগ প্রদান;

(২) ইউনিয়ন পর্যায়ে 'ক' বিভাগের শিক্ষার্থীদের ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং 'খ' বিভাগের শিক্ষার্থীদের ক্রীড়া, সাংস্কৃতিক ও বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতা আয়োজন;

(৩) ক্রীড়া, সাংস্কৃতিক ও বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতার জন্য বিচারক প্যানেল তৈরী এবং নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ;

(৪) ক্রীড়া, সাংস্কৃতিক ও বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মধ্যে পুরস্কার ও সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। পরবর্তী পর্যায়ের প্রতিযোগিতার জন্য ক' এবং 'খ" গ্রুপের ১ম স্থান অধিকারীদের তালিকা (নির্ধারিত ছকে) উপজেলা বাছাই কমিটির সদস্য সচিব (উপজেলা শিক্ষা অফিসারএর নিকট প্রেরণ করবে এবং তালিকার এক প্রস্ত সদস্য সচিব সংরক্ষণ করবে;

(৫) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

গ. উপজেলা প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি :

১.	চেয়ারম্যান, উপজেলা পরিষদ	উপদেষ্টা
২.	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
৩.	ভাইস চেয়ারম্যান (পুরুষ ও মহিলা), উপজেলা পরিষদ	সদস্য
৪.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
৫.	উপজেলা প্রকৌশলী	সদস্য
৬.	অফিসার ইন চার্জ (সংশ্লিষ্ট থানা)	সদস্য
৭.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য
৮.	ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার	সদস্য
৯	সহকারী উপজেলা শিক্ষা অফিসার (গ্রেডেশন তালিকায় জ্যেষ্ঠ)	সদস্য
১০.	সাধারণ সম্পাদক, উপজেলা স্কাউটস	সদস্য
১১.	মাধ্যমিক বিদ্যালয়ের দুই জন শিক্ষক(একজন ক্রীড়া, একজন সাংস্কৃতিক কার্যক্রমে পারদর্শী) সভাপতি কর্তৃক মনোনিত।	সদস্য
১২.	উপজেলা শিক্ষা অফিসার	সদস্য সচিব

কার্যপরিধি :

(১) নীতিমালায় বর্ণিত নির্ধারিত সময়সূচি অনুসরণ করে উপজেলা পর্যায়ে প্রতিযোগিতার তারিখ ও স্থান নির্ধারণ, বিচারক প্যানেল তৈরী এবং নিয়োগ প্রদান;
(২) উপজেলা বাছাই কমিটি 'ক' বিভাগের শিক্ষার্থীদের ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং 'খ' বিভাগের শিক্ষার্থীদের ক্রীড়া, সাংস্কৃতিক ও বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতা আয়োজন;
(৩) প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মধ্যে পুরস্কার ও সনদপত্র প্রদান;
(৪) 'খ' গ্রুপের প্রতিযোগিতায় প্রতি বিষয়ের ১ম স্থান অধিকারী এবং শ্রেষ্ঠ কাব শিশু (বালক ও বালিকা)দের তালিকা নির্ধারিত ছকে জেলা বাছাই কমিটির সদস্য সচিব (জেলা প্রাথমিক শিক্ষা অফিসার) বরাবর প্রেরণ করবে। একই সাথে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ সহকারী শিক্ষিকা, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা, শ্রেষ্ঠ কাব শিক্ষক, শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রেষ্ঠ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, শ্রেষ্ঠ কর্মচারী, শ্রেষ্ঠ সহকারী উপজেলা শিক্ষা অফিসার বাছাইয়ের পর সংশ্লিষ্ট মূল্যায়ন ছকসমূহ পূরণকরত: আনুসঙ্গিক প্রমানক দলিলপত্রসহ জেলা কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ;
(৫) জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ইন্সট্রাক্টর (উপজেলা রিসোর্স সেন্টার), উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ চেয়ারম্যানের জন্য নির্ধারিত আবেদন ফরম এবং স্ব স্ব ক্যাটগরীর মূল্যায়ন ফরম পূরণকরত: জেলা কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ;
(৬) কমিটি প্রতিযোগিতার ফলাফল সংরক্ষণ করবে এবং বিজয়ী শিশুদের মধ্যে পুরস্কার, সনদপত্র এবং নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ;
(৭) প্রয়োজনে তথ্য অনুসন্ধানের জন্য মাঠ পর্যায়ে প্রতিনিধি প্রেরণ;
(৮) উপজেলা পর্যায়ে চূড়ান্ত মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা উপজেলা বাছাই কমিটি সংরক্ষণ করবে এবং
(৯) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

ঘ. সিটি কর্পোরেশনের আওতাধীন থানা প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি :

১.	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সভাপতি
২.	সিভিল সার্জনের প্রতিনিধি	সদস্য
৩.	ইনস্ট্রাক্টর (সংশ্লিষ্ট থানা রিসোর্স সেন্টার)	সদস্য
৪.	সহকারী থানা শিক্ষা অফিসার (জ্যেষ্ঠ)	সদস্য
৫.	সভাপতি কর্তৃক মনোনিত মাধ্যমিক বিদ্যালয়ের দুই জন শিক্ষক (একজন ক্রীড়া, একজন সাংস্কৃতিক কার্যক্রমে পারদর্শী)	সদস্য
৬.	বাংলাদেশ স্কাউট এর প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনিত)	সদস্য
৭.	সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড সচিব	সদস্য
৮.	থানা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট থানা)	সদস্য সচিব

কার্যপরিধি :

(১) নীতিমালায় বর্ণিত নির্ধারিত সময়সূচি অনুসরণ করে থানা পর্যায়ে প্রতিযোগিতার তারিখ ও স্থান নির্ধারণ, বিচারক প্যানেল তৈরি এবং নিয়োগ প্রদান;

(২) থানা বাছাই কমিটি কেবল 'ক' এবং 'খ' বিভাগের শিক্ষার্থীদের ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন। প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মধ্যে পুরস্কার ও সনদপত্র প্রদান। 'খ' বিভাগের প্রতিযোগিতায় প্রতি বিষয়ের ১ম স্থান অধিকারী এবং শ্রেষ্ঠ কাব শিশুদের (বালক ও বালিকা) তালিকা জেলা কমিটির বাছাই সদস্য সচিব (জেলা প্রাথমিক শিক্ষা অফিসার) এর নিকট প্রেরণ করবে। একই সাথে থানা পর্যায়ে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ সহকারী শিক্ষিকা, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা, শ্রেষ্ঠ কাব শিক্ষক, শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রেষ্ঠ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, শ্রেষ্ঠ কর্মচারী, শ্রেষ্ঠ সহকারী থানা শিক্ষা অফিসার বাছাইয়ের পর সংশ্লিষ্ট মূল্যায়ন ছক পূরণ করে আনুসঙ্গিক প্রমাণক দলিলপত্রসহ জেলা কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবে;

(৩) জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ইন্সট্রাক্টর (থানা রিসোর্স সেন্টার), থানা শিক্ষা অফিসারগণের নির্ধারিত মনোনয়ন ফরম এবং স্ব স্ব ক্যাটাগরীর মূল্যায়ন ফরম পূরণ করে জেলা কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ;

(৪) কমিটি প্রতিযোগিতার ফলাফল সংরক্ষণ এবং বিজয়ী শিশুদের মধ্যে পুরস্কার ও সনদপত্র এবং পরবর্তী পর্যায়ের প্রতিযোগিতার জন্য নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ;

(৫) সিটি কর্পোরেশনের আওতাধীন থানা পর্যায়ে চুড়ান্ত মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা থানা বাছাই কমিটি সংরক্ষণ করবে।

(৬) প্রয়োজনে তথ্য অনুসন্ধানের জন্য মাঠ পর্যায়ে প্রতিনিধি প্রেরণ এবং

(৭) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপট করতে পারবে।

ঙ. জেলা প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি:

১.	জেলা প্রশাসক	সভাপতি
২.	পুলিশ সুপার	সদস্য
৩.	সিভিল সার্জন	সদস্য
৪.	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	সদস্য
৫.	সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট সকল (জেলায় একাধিক পিটিআই থাকলে)	সদস্য
৬.	জেলা শিক্ষা অফিসার	সদস্য
৭.	জেলা তথ্য অফিসার	সদস্য
৮.	কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী	সদস্য
৯.	জেলা ক্রীড়া অফিসার	সদস্য
১০.	উপপরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউট	সদস্য
১১.	সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো	সদস্য
১২.	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব

কার্য পরিধি:

(১) নীতিমালায় বর্ণিত নির্ধারিত সময়সূচি অনুসরণ করে জেলা পর্যায়ে প্রতিযোগিতার তারিখ ও স্থান নির্ধারণ, বিচারক প্যানেল তৈরি এবং নিয়োগ প্রদান;

(২) বাছাই কমিটি উপজেলা/থানা বাছাই কমিটি হতে প্রাপ্ত তালিকা অনুযায়ী 'খ" গ্রুপের শিক্ষার্থীদের ক্রীড়া, সাংস্কৃতিক ও বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতার আয়োজন করবে। প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মধ্যে পুরস্কার ও সনদপত্র প্রদান করবে। প্রতি বিষয়ের ১ম স্থান অধিকারী এবং শ্রেষ্ঠ কাব শিশুদের (বালক ও বালিকা) তালিকা বিভাগীয় বাছাই কমিটির সদস্য সচিব (বিভাগীয় উপপরিচালক) বরাবর প্রেরণ করবে। একই সাথে জেলা

পর্যায়ে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ সহকারী শিক্ষিকা, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা, শ্রেষ্ঠ কাব শিক্ষক, শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রেষ্ঠ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, শ্রেষ্ঠ কর্মচারী, শ্রেষ্ঠ সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (উপজেলা রিসোর্স সেন্টার), শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (পিটিআই), শ্রেষ্ঠ উপজেলা/ থানা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার এবং শ্রেষ্ঠ উপজেলা পরিষদ চেয়ারম্যান বাছাইয়ের পর আবেদন ফরমসহ সংশ্লিষ্ট মূল্যায়ন ছক পূরণ করে আনুসঙ্গিক প্রমানক দলিলপত্রসহ বিভাগীয় কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ ;

(৩) বিভাগ পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য শ্রেষ্ঠ জেলা প্রশাসক, শ্রেষ্ঠ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ সুপারিনটেনডেন্ট এবং শ্রেষ্ঠ পিটিআই নির্বাচণের নিমিত্ত আবেদন ফরম এবং নির্ধারিত ক্যাটাগরীর মূল্যায়ন ফরম বিভাগীয় কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ;

(৪) জেলাতে একাধিক পিটিআই থাকলে এবং শ্রেষ্ঠ সুপারিনটেনডেন্ট ও শ্রেষ্ঠ পিটিআই ক্যাটাগরীতে অংশগ্রহণ করলে জেলা কমিটি মূল্যায়ন করে পরবর্তী পর্যায়ে প্রতিযোগিতার জন্য নির্বাচন করবে। এক্ষেত্রে জেলা পর্যায়ের কমিটিতে সুপারিনটেনডেন্ট সদস্য হিসেবে থাকতে পারবেন না;

(৫) প্রতিযোগিতার ফলাফল সংরক্ষণ এবং বিজয়ী শিশুদের মধ্যে পুরস্কার ও সনদপত্র এবং পরবর্তী পর্যায়ের প্রতিযোগিতার জন্য নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ;

(৬) প্রয়োজনে তথ্য অনুসন্ধানের জন্য মাঠ পর্যায়ে প্রতিনিধি প্রেরণ ;

(৭) জেলা পর্যায়ে চুড়ান্ত মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা জেলা বাছাই কমিটি সংরক্ষণ করবে;

(৮) কমিটি উপজেলা/থানা পর্যায়ের কোন সিদ্ধান্ত সংশোধন/বাতিল করতে পারবে এবং

(৯) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

চ. খাগড়াছড়ি, রাঙ্গামাটি এবং বান্দরবান পার্বত্য জেলাসমূহের ক্ষেত্রে জেলা বাছাই কমিটি :

১.	চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ	সভাপতি
২.	জেলা প্রশাসকের প্রতিনিধি	সদস্য
৩.	পুলিশ সুপারের প্রতিনিধি	সদস্য
৪.	সিভিল সার্জনের প্রতিনিধি	সদস্য
৫.	সুপারিনটেনডেন্ট , পিটিআই	সদস্য
৬.	জেলা শিক্ষা অফিসার	সদস্য
৭.	উপপরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস	সদস্য
৮.	কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী	সদস্য
৯.	জেলা তথ্য অফিসার	সদস্য
১০.	জেলা ক্রীড়া অীফসার	সদস্য
১১.	সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো	সদস্য
১২.	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব

কার্যপরিধি :

(১) নীতিমালায় বর্ণিত নির্ধারিত সময়সূচি অনুসরণ করে জেলা পর্যায়ে প্রতিযোগিতার তারিখ ও স্থান নির্ধারণ, বিচারক প্যানেল তৈরি এবং নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ;

(২) উপজেলা বাছাই কমিটি হতে প্রাপ্ত তালিকা অনুযায়ী 'খ" গ্রুপের শিক্ষার্থীদের ক্রীড়া, সাংস্কৃতিক ও বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতার আয়োজন এবং প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মধ্যে পুরস্কার ও সনদপত্র প্রদান

করবে। প্রতি বিষয়ের ১ম স্থান অধিকারী এবং শ্রেষ্ঠ কাব শিশুদের (বালক ও বালিকা) তালিকা বিভাগীয় বাছাই কমিটির সদস্য সচিব (বিভাগীয় উপপরিচালক) বরাবর প্রেরণ করবে। একই সাথে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ সহকারী শিক্ষিকা, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা, শ্রেষ্ঠ কাব শিক্ষক, শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রেষ্ঠ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, শ্রেষ্ঠ কর্মচারী, শ্রেষ্ঠ সহকারী উপজেলা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (উপজেলা রিসোর্স সেন্টার), শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (পিটিআই), শ্রেষ্ঠ উপজেলা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার এবং শ্রেষ্ঠ উপজেলা পরিষদ চেয়ারম্যান বাছাইয়ের পর আবেদন ফরম এবং সংশ্লিষ্ট মূল্যায়ন ফরমসহ আনুসঙ্গিক প্রমানক দলিলপত্র বিভাগীয় কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ;

(৩) বিভাগ পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য শ্রেষ্ঠ জেলা প্রশাসক, শ্রেষ্ঠ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ সুপারিনটেনডেন্ট এবং শ্রেষ্ঠ পিটিআই নির্বাচনের নিমিত্ত আবেদন ফরম এবং নির্ধারিত ক্যাটাগরীর মূল্যায়ন ফরম বিভাগীয় উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করবে। জেলাতে একাধিক পিটিআই থাকলে এবং শ্রেষ্ঠ সুপারিনটেনডেন্ট ও শ্রেষ্ঠ পিটিআই ক্যাটাগরীতে অংশগ্রহণ করলে জেলা কমিটি মূল্যায়ন করে পরবর্তী পর্যায়ে প্রতিযোগিতর জন্য নির্বাচন করবে। এক্ষেত্রে জেলা পর্যায়ের কমিটিতে সুপারিনটেনডেন্ট সদস্য হিসেবে থাকতে পারবেন না;

(৪) কমিটি প্রতিযোগিতার ফলাফল সংরক্ষণ করবে এবং বিজয়ী শিশুদের মধ্যে পুরস্কার ও সনদপত্র এবং পরবর্তী পর্যায়ের প্রতিযোগিতার জন্য নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ ;

(৫) প্রয়োজনে তথ্য অনুসন্ধানের জন্য মাঠ পর্যায়ে প্রতিনিধি প্রেরণ ;

(৬) কমিটি উপজেলা পর্যায়ের কোন সিদ্ধান্ত সংশোধন/বাতিল করতে পারবে;

(৭) জেলা পর্যায়ে চূড়ান্ত মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা জেলা বাছাই কমিটি সংরক্ষণ করবে এবং

(৮) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপট করতে পারবে।

ছ. বিভাগ পর্যায় : বিভাগীয় প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি :

১.	বিভাগীয় কমিশনার	সভাপতি
২.	অতিরিক্ত বিভাগীয় কমিশনার একজন (সভাপতি কর্তৃক মনোনিত)	সদস্য
৩.	পরিচালক, স্বাস্থ্য বিভাগ	সদস্য
৪.	অধ্যক্ষ, শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়	সদস্য
৫.	আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা	সদস্য
৬.	আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ স্কাউট	সদস্য
৭.	সেক্রেটারি, বিভাগীয় ক্রীড়া সংস্থা	সদস্য
৮.	বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা	সদস্য সচিব

কার্যপরিধি :

(১) নীতিমালায় বর্ণিত নির্ধারিত সময়সূচি অনুসরণ করে বিভাগ পর্যায়ে প্রতিযোগিতার তারিখ ও স্থান নির্ধারণ, বিচারক প্যানেল তৈরি এবং নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ ;

(২) জেলা বাছাই কমিটি হতে প্রাপ্ত তালিকা অনুযায়ী 'খ" গ্রুপের শিক্ষার্থীদের ক্রীড়া, সাংস্কৃতিক ও বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতার আয়োজন করবে। প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মধ্যে পুরস্কার ও সনদপত্র প্রদান করবে। প্রতি বিষয়ের ১ম স্থান অধিকারী এবং শ্রেষ্ঠ কাব শিশুদের (বালক ও বালিকা) তালিকা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে। একই সাথে বিভাগ পর্যায়ে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ সহকারী শিক্ষিকা, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা, শ্রেষ্ঠ কাব শিক্ষক, শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রেষ্ঠ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, শ্রেষ্ঠ কর্মচারী, শ্রেষ্ঠ সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (উপজেলা/থানা রিসোর্স সেন্টার),

শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (পিটিআই), শ্রেষ্ঠ উপজেলা/ থানা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ পিটিআই, শ্রেষ্ঠ সুপারিনটেনডেন্ট, শ্রেষ্ঠ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার, শ্রেষ্ঠ উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং শ্রেষ্ঠ জেলা প্রশাসক বাছাইয়ের পর সংশ্লিষ্ট মূল্যায়ন ছক পূরণ করে আনুসঙ্গিক প্রমানক দলিলপত্রসহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ ;

(৩) প্রতিযোগিতার ফলাফল সংরক্ষণ করবে এবং বিজয়ী শিশুদের মধ্যে পুরস্কার ও সনদপত্র এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার জন্য নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ ;

(৪) প্রয়োজনে তথ্য অনুসন্ধানের জন্য মাঠ পর্যায়ে প্রতিনিধি প্রেরণ ;

(৫) বিভাগ পর্যায়ে চুড়ান্ত মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বিভাগীয় বাছাই কমিটি সংরক্ষণ করবে;

(৬) যৌক্তিক বিবেচনায় অধস্তন পর্যায়ের কোন সিদ্ধান্ত পরিবর্তন/বাতিল করতে পারবে এবং

(৭) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

জ. জাতীয় পর্যায়: প্রাথমিক শিক্ষা পদক কমিটি

১.	সিনিয়র সচিব/সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	সভাপতি
২.	অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	সদস্য
৩.	পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	সদস্য
৪.	পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	সদস্য
৫.	পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	সদস্য
৬.	অতিরিক্ত সচিব (প্রশাসন) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	সদস্য
৭.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নীচে নয়)	সদস্য
৮.	কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নীচে নয়)	সদস্য
৯.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নীচে নয়)	সদস্য
১০.	মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ	সদস্য
১১.	মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো	সদস্য
১২.	বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা	সদস্য
১৩.	মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	সদস্য সচিব

কার্যপরিধি:

(১) নীতিমালায় বর্ণিত নির্ধারিত সময়সূচি অনুসরণ করে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময় নির্ধারণ, কর্মপরিকল্পনা প্রণয়ন, প্রচার, বিচারক প্যানেল তৈরি ও নিয়োগ প্রদান ;

(২) বিভাগ হতে প্রাপ্ত তালিকা অনুযায়ী 'খ' গ্রুপের শিক্ষার্থীদের ক্রীড়া, সাংস্কৃতিক ও বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতা আয়োজন করে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের তালিকা প্রণয়ন এবং ৬ (ছয়) জন শ্রেষ্ঠ কাব শিশু (বালক-১ম, ২য় ও ৩য় এবং বালিকা-১ম, ২য় ও ৩য়) নির্বাচন ;

(৩) প্রাথমিক শিক্ষা পদকের জন্য ১ (এক) জন করে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ সহকারী শিক্ষিকা, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা, শ্রেষ্ঠ কাব শিক্ষক, শ্রেষ্ঠ কর্মচারী, শ্রেষ্ঠ সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (ইউআরসি/ টিআরসি), শ্রেষ্ঠ ইন্সট্রাক্টর (পিটিআই), শ্রেষ্ঠ থানা/উপজেলা শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ পিটিআই, শ্রেষ্ঠ সুপারিনটেনডেন্ট, শ্রেষ্ঠ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার, শ্রেষ্ঠ জেলা প্রশাসক এবং শ্রেষ্ঠ উপজেলা পরিষদ চেয়ারম্যান নির্বাচন। একইসাথে শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রেষ্ঠ প্রাথমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এস.এম.সি) এবং শ্রেষ্ঠ পিটিআই নির্বাচনে সাক্ষাৎকার গ্রহণসহ প্রমানক দলিলপত্রসহ পর্যালোচনা করতঃ বাছাই কার্যক্রম গ্রহণ;

(৪) প্রয়োজনে তথ্য অনুসন্ধানের জন্য মাঠ পর্যায়ে প্রতিনিধি প্রেরণ;